

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০০৩.২৭.০৫.০৫০.২০১৪ - ৯৫

তারিখঃ ৬০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
২৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের ১ম শ্রেণির সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ জমাদান।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন হাইড্রোকার্বন ইউনিটের ১ম শ্রেণির সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পদে গত ০৯.১১.২০১৭ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় ২০ জন প্রার্থী মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, প্রকাশিত ফলাফলে কোন কারণে কোন সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২. উক্ত পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ অত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ আগামী ১৩.০৫.২০১৮ তারিখ থেকে ৩১.০৫.২০১৮ তারিখ পর্যন্ত প্রতি কার্যদিবস সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-এর (ইউনিট-৫) এ জমা দিতে হবে :

- সকল শিক্ষাগত যোগ্যতা/ অন্যান্য সকল সনদের সত্যায়িত কপি;
- আবেদনকারী প্রার্থীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে, পূর্বের এবং পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;
- ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
- বিদেশ থেকে অর্জিত ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি;
- সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি।

৩. আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। ডাকযোগে প্রেরণকৃত আবেদনপত্র ৩১.০৫.২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে না পৌঁছালে বাতিল বলে বিবেচিত হবে। বিপিএসসি ফরম-৩ হাতে হাতে জমাদানকালে প্রার্থীদের বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।

৪. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইট থেকেও এ বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

৫. মৌখিক পরীক্ষার তারিখ ও এতদসংক্রান্ত বিস্তারিত তথ্যাবলি পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৫৭
২৩.৫.১৮
[শেখ শাখাওয়াৎ হোসেন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
অতিরিক্ত সচিব